

**সবুজ গো-খাদ্য চাষ**  
**গনেশ দাস**  
**বিষয় বস্তু বিশেষজ্ঞ (কৃষি সম্প্রসারণ)**  
**কোচবিহার কৃষি বিজ্ঞান কেন্দ্র, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়**

গবাদি পশু পালনের জন্য সবুজ গো-খাদ্য আবশ্যিক। গ্রামের বেশিরভাগ গো চাষী এই সবুজ গো-খাদ্য সংগ্রহ করেন বিভিন্ন মাঠে ঘাটে, পতিত জায়গায় এবং চাষের জমি থেকে। উত্তরবঙ্গের বেশিরভাগ কৃষি জমিতে এখন বছরে ২-৩ বার করে খাদ্য ফসল চাষ করা হয়। এর ফলে যেমন খাদ্য উৎপাদন বাড়ছে তেমনি অন্যদিকে গবাদি পশুর চারণভূমির আয়তন কমছে। গবাদি পশুর খাদ্য সংকট এখন চারদিকে লক্ষ্য করা যায়। এর ফলে বাজার থেকে চরা দামে সবুজ ঘাস কিনতে বাধ্য হন গবাদি পশু পালকরা। এতে যেমন লাভের অঙ্ক কমে যাচ্ছে তেমনি সঠিক খাদ্যের অভাবে গবাদি পশুর দৈহিক পুষ্টির ঘাটতিও ঘটছে। সময় এসেছে এই সব পরিস্থিতির সঙ্গে চাষবাসের পরিবর্তন করা। তাই বাণিজ্যিকভাবে গো পালন করতে হলে সবুজ ঘাস চাষের উপর নজর দেওয়া প্রয়োজন। উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় এবং এই বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভিন্ন কৃষি বিজ্ঞান কেন্দ্র উত্তরবঙ্গের গো চাষীদের সবুজ ঘাস চাষের উপর নিরন্তর প্রশিক্ষণ এবং সচেতনতা শিবির দিয়ে থাকে। বর্তমানে উত্তরবঙ্গের চাষী ভাইদের মধ্যে সবুজ ঘাস চাষের উপর আগ্রহ লক্ষ করা যাচ্ছে। এই সবুজ ঘাস চাষ খুবই সহজ। এই চাষের এক সংক্ষিপ্ত পদ্ধতি নিম্নে উল্লেখ করা হল -

চাষের সময় অনুসারে এই চাষকে তিন ভাগে ভাগ করা যায়।

ক) খরিফ মরশুমে সবুজ ঘাস চাষ, খ) রবি মরশুমে সবুজ ঘাস চাষ, গ) বারোমাসে সবুজ ঘাস চাষ।

খরিফ মরশুমে সবুজ ঘাস চাষ :

শস্যের নাম চাষের পদ্ধতি	বরবটি	দীননাথ ঘাস	জোয়ার	বাজরা
সময়	বৈশাখ-জৈষ্ঠ্য এবং ভাদ্র	জৈষ্ঠ্য-শ্রাবণ	ফাল্গুন-জৈষ্ঠ্য	বৈশাখ-শ্রাবণ
জমি	দোঁয়াশ মাটি, জমিতে জল দাঁড়ানো যাবে না	দোঁয়াশ মাটি, জমিতে জল দাঁড়ানো যাবে না	দোঁয়াশ মাটি, জমিতে জল দাঁড়ানো যাবে না	দোঁয়াশ মাটি, জমিতে জল দাঁড়ানো যাবে না
বীজের পরিমাণ	১০-১২ কেজি/একর	৮-৯ কেজি/একর	১০-১২ কেজি/একর	১.৫-২ কেজি/একর
সার	জৈব সার ৮ টন/একর,	জৈব সার ২-৩ টন/একর, বীজ	জৈব সার ৪ টন/একর, বীজ	জৈব সার ২-৩ টন/একর, ইউরিয়া

	এস.এস.পি ১০০ কেজি/একর, এম.ও.পি ৫০ কেজি/একর	বোনার সময় : ইউরিয়া ২৫ কেজি/একর, এক মাস পর পুনরায় ২৫ কেজি ইউরিয়া	বোনার সময় : ইউরিয়া ১৫-২০ কেজি/একর, এস.এস.পি ৩০- ৩৫ কেজি/একর, এক মাস পর ১০- ১৫ কেজি ইউরিয়া ছিটিয়ে দিতে হবে।	২০-২৫ কেজি/একর, এস.এস.পি ৩০- ৩৫ কেজি/একর
সেচ	বর্ষাকালে চাষের জন্য সেচের প্রয়োজন নেই	বর্ষাকালে চাষের জন্য সেচের প্রয়োজন নেই	খরার সময় ৪-৫ বার সেচের প্রয়োজন হয়।	বর্ষাকালে চাষের জন্য সেচের প্রয়োজন নেই
ফলন	৮০-১০০ কুইন্টাল/একর	২০০-২৫০ কুইন্টাল/একর	১০০-১৫০ কুইন্টাল/একর	৯০-১০০ কুইন্টাল/একর
প্রোটিনের পরিমাণ	১৩-১৪%	৭-৯%	৬-৮%	৬-৮%

রবি মরশুমে সবুজ ঘাস চাষ :

শস্যের নাম চাষের পদ্ধতি	লুসার্ন	বারসিম	জই
সময়	কর্তিক-অগ্রহায়ন	কর্তিক-অগ্রহায়ন	কার্তিক-অগ্রহায়ন
জমি	জলসেচ ব্যবস্থায়ুক্ত বেলে অথবা দো- আঁশলা কাদা মাটি	জলসেচ ব্যবস্থায়ুক্ত দো-আঁশলা জমি	জল নিকাশি ব্যবস্থায়ুক্ত এবং উর্বর জমি
বীজের পরিমাণ	১০ কেজি/একর	১০ কেজি/একর	৩০-৪০ কেজি/একর
সার	জৈব সার ৪-৫ টন/একর, এস.এস.পি ১০ কেজি/একর, এম.ও.পি ৩০ কেজি/একর	জৈব সার ৪-৫ টন/একর, এস.এস.পি ১০০ কেজি/একর, এম.ও.পি ৩০০ কেজি/একর	জৈব সার ৪-৫ টন/একর, ইউরিয়া ২৫-৩০ কেজি/একর, এস.এস.পি ১৫০ কেজি/একর, এম.ও.পি ৪০ কেজি/একর
সেচ	জলসেচ দিয়ে জমি প্রস্তুত করতে হবে, ১৫-২০ দিন অন্তর সেচ দেওয়া প্রয়োজন	জলসেচ দিয়ে জমি প্রস্তুত করতে হবে, ১৫-২০ দিন অন্তর সেচ দেওয়া প্রয়োজন	জলসেচ দিয়ে জমি প্রস্তুত করতে হবে, ১৫-২০ দিন অন্তর সেচ দেওয়া প্রয়োজন

ফলন	১৫০-২০০ কুইন্টাল/একর	১৮০-২০০ কুইন্টাল/একর	১০০-১২৫ কুইন্টাল/একর
প্রোটিনের পরিমাণ	১৫-২২%	১৮-২০%	৮-১২%

বারোমেসে সবুজ ঘাস চাষ :

শস্যের নাম চাষের পদ্ধতি	ভূট্টা	খিন নেপিয়র	হাইব্রিড নেপিয়র	প্যারা ঘাস
সময়	মাঘ-জৈষ্ঠ্য	জৈষ্ঠ্য-শ্রাবণ	চৈত্র-ভাদ্র	চৈত্র-ভাদ্র
জমি	জল নিকাশি ব্যবস্থায়ুক্ত দোঁয়াশ মাটি	জল নিকাশি ব্যবস্থায়ুক্ত বেলে দোঁয়াশ মাটি	জল নিকাশি ব্যবস্থায়ুক্ত বেলে দোঁয়াশ মাটি	নীচু জমি, জলা জমি এবং পুকুরের পাড়ে খুব ভালো হয়
বীজের পরিমাণ	৩০-৪০ কেজি/একর	১ কেজি/একর	কাটিং - ৪৫০০- ৫০০০/একর	কাটিং - ৯০০০- ১৩০০০/একর বীজ - ০.৮-১.২০ কেজি/একর
সার	জৈব সার ২-৩ টন/একর, বীজ বোনার সময় ইউরিয়া ২০-২৫ কেজি/একর, এস.এস.পি ৩০-৪০ কেজি/একর, বীজ বোনার সাত দিন পর ইউরিয়া ১০-১৫ কেজি/একর	বীজ বোনার এক মাস পর ইউরিয়া ২০ কেজি/একর	জৈব সার ৫ টন প্রতি একর, প্রতিবার ঘাস কাটার পর ইউরিয়া ৩০-৪০ কেজি/একর দিতে হবে	জৈব সার ৫ টন প্রতি একর, ইউরিয়া ৩০-৪০ কেজি/একর
সেচ	জমিতে রস না থাকলে হালকা সেচ দিলে ভালো হয়	শীতকালে ১-২ বার সেচ দেওয়া প্রয়োজন	চারা বোনার ৩য় দিনে সেচ দিতে হবে। তারপর ১০ দিন অন্তর সেচ দেওয়া প্রয়োজন	প্রথমের দিকে ২-৩ টি সেচের প্রয়োজন এবং পরে ১০-১৫ দিন অন্তর ১টি করে সেচ

ফলন	১০০-১২০ কুইন্টাল/একর	৩০০-৩৫০ কুইন্টাল/একর	৩৫০-৪০০ কুইন্টাল/একর	৪৫০-৭০০ কুইন্টাল/একর
প্রোটিনের পরিমাণ	৬-৮%	৬-৯%	৮-৯%	১০-১১%

সবুজ ঘাস চাষ সাধারণত যে কোন জমিতেই করা যায়। এই চাষ বাড়ির আশেপাশে জলা জমিতে এবং পতিত জমিতেও করা যায়। সবুজ ঘাস চাষে খরচ খুবই নগন্য। চাষি ভাইরা উপরোক্ত পদ্ধতিতে ঘাস চাষ করতে খরচ বহুল মনে করলে তারা সামান্য গোবর সার ও সেচ দিয়ে দুর্বা ঘাসের চাষও করতে পারেন। ঘাস চাষ ও বীজ সম্বন্ধে বিস্তারিত তথ্য এবং প্রশিক্ষনের জন্য যোগাযোগ করুন কোচবিহার কৃষি বিজ্ঞান কেন্দ্র, উত্তরবঙ্গ কৃষি বিশ্ব বিদ্যালয়, পুন্ডিবাড়ি, কোচবিহার।